

শ্রীলংকায় জাতির পিতার ১০২তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস পালিত

শ্রীলংকায় বাংলাদেশ হাইকমিশন আজ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উদযাপন করেছে। জাতীয় পতাকা উত্তোলন এবং জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে হাইকমিশনার তারেক মোঃ আরিফুল ইসলাম দিন ব্যাপী অনুষ্ঠানের সূচনা করেন।

অতঃপর জাতির পিতা ও ১৫ই আগস্ট শাহাদৎ বরণকারী তাঁর পরিবারের সদস্য ও অন্যান্যদের আত্মার মাগফেরাত এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের ধারাবাহিক সুখ, সমৃদ্ধি ও উন্নয়ন কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। দূতাবাসের কর্মকর্তারা দিবসটি উপলক্ষ্যে প্রদত্ত- রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করেন এবং আলোচনা সভায় অংশ গ্রহণ করেন। বক্তারা বঙ্গবন্ধুর গভীর রাজনৈতিক দর্শন ও তাঁর কর্মময় জীবন, শিশুদের প্রতি তাঁর অপরিসীম ভালবাসা এবং তাঁর জন্মদিনে জাতীয় শিশু দিবস পালনের তাৎপর্য ব্যাখ্যা করেন।

হাইকমিশনার তারেক মোঃ আরিফুল ইসলাম বঙ্গবন্ধুর জীবন-দর্শন নিয়ে আলোচনা করেন এবং নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত করে দেশ গড়ার আহবান জানান। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের শিশু-বান্ধব উন্নয়ন কার্যক্রমের উপরও আলোকপাত করেন।

দিবসটি উপলক্ষ্যে সন্ধ্যায় শিশু-কিশোরদের মাঝে ‘বঙ্গবন্ধু ও বাংলাদেশ’ শীর্ষক চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং তাঁদের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। উপস্থিত শিশু কিশোরদের উদ্বুদ্ধ করার জন্য বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর নির্মিত "আমাদের বঙ্গবন্ধু" শীর্ষক একটি প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ এবং উপস্থিত শিশু-কিশোরদের সাথে নিয়ে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকীর কেক কাটার মাধ্যমে দিবসটি উদযাপন শেষ হয়। শ্রীলংকান ও মিশন পরিবারের শিশু-কিশোরদের অংশগ্রহণে মিশন প্রাঙ্গণে এ উপলক্ষ্যে আনন্দমুখর পরিবেশের সৃষ্টি হয়।